

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের বিভিন্ন পদের (নন-ক্যাডার) দায়িত্বঃ

ক্র. নং	পদের নাম,	গ্রেড	পদসংখ্যা	দায়িত্ব ও কর্তব্য
১	২	৩	৪	৫
১.	জ্যেষ্ঠ উৎপাদন অর্থনীতিবিদ	৫	১	১. কৌশলগত পরিকল্পনা ও বিভিন্ন নীতিমালার আলোকে কার্যক্রম গ্রহণে পরিচালক, পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং মহোদয়কে সহায়তা প্রদান। ২. নীতি নির্ধারনী সমীক্ষা ও সাহায্য প্রস্তাবের উপর মতামত প্রণয়ন। ৩. বিভিন্ন সংস্থা থেকে প্রাপ্ত কৌশলগত, পলিসি নির্ধারণ এবং অন্যান্য উন্নয়ন মূলক কার্যক্রমের উপর ডিএই'র মতামত প্রস্তুতকরণ। ৪. পরিচালক, পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং মহোদয়ের নির্দেশে অন্যান্য কার্য সম্পাদন।
২.	উপ-প্রধান	৫	২	১. কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই) এর সকল উইং থেকে তথ্য সংগ্রহের মাধ্যমে স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদী পরিকল্পনা প্রণয়ন। ২. নীতি নির্ধারনী সমীক্ষা ও সাহায্য প্রস্তাবের উপর মতামত পেশ করা। ৩. বৈদেশিক সাহায্য ও সহায়তার ব্যাপারে প্রয়োজনীয় প্রস্তাবনা তৈরী এবং অন্যান্য সংস্থার সংগে যোগাযোগ রক্ষা করা। ৪. বিভিন্ন সংস্থা থেকে প্রাপ্ত প্রকল্প এবং অন্যান্য কৌশলগত পলিসি ও অন্যান্য উন্নয়নমূলক কার্যক্রমের উপর ডিএই'র মতামত প্রস্তুত করা। ৫. বিভিন্ন মন্ত্রণালয়ের চাহিদা অনুযায়ী প্রতিবেদন প্রেরণ করা। ৬. জাতীয় অর্থনৈতিক পরিষদ (একনেক) এর চাহিদা মোতাবেক প্রতিবেদন প্রণয়ন। ৭. বিভিন্ন ফসলের উৎপাদন খরচ নিরূপণ পূর্বক প্রতিবেদন প্রণয়ন করা। ৮. অতিঃ পরিচালক, প্রকল্প পরিকল্পনার সাথে সমন্বয় বিধান পূর্বক কার্যক্রম পরিচালনা করা। ৯. উর্ধ্বতন কর্তৃপক্ষের চাহিদা অনুযায়ী অধিদপ্তরের সার্বিক কাজে সহায়তা করা।
৩.	ডেপুটি ডিরেক্টর (টিআর)	৫	১	১. মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারী ও চাষীদের জন্য উদ্যান বিষয়ক প্রশিক্ষণ কর্মসূচী গ্রহণ ও বাস্তবায়ন। ২. বিভিন্ন গবেষণাগার/শিক্ষা প্রতিষ্ঠান থেকে উদ্ভাবিত উন্নতজাতের জার্মপ্লাজম সংগ্রহ, সংরক্ষণ ও সম্প্রসারণ পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন। ৩. উদ্যান ফসলের উন্নত জাত/প্রযুক্তি প্রদর্শনী মেলা, মাঠদিবসের আয়োজন/পরিচালনার কর্মসূচী গ্রহণ/বাস্তবায়ন ৪. উদ্যান ফসলের উৎপাদন পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন কৌশল নির্ধারণ ও প্রযুক্তি সম্প্রসারণ কর্মসূচী গ্রহণ/বাস্তবায়ন ৫. সমাপ্ত/চলমান প্রকল্পের কার্যক্রম মনিটরিং/ফলোআপ ও সম্প্রসারণ কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন। ৬. উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশে কাজ করা।
৪.	প্রধান কৃষিতত্ত্ব বিদ	৫	১	১. দানাদার, ডাল তেল ও অর্থকরী ফসলের উৎপাদনের লাগসই প্রযুক্তি নিরূপণ, প্রযুক্তি বিস্তার সহায়ক কর্মসূচি প্রণয়ন। ২. প্রযুক্তি ভিত্তিক প্রদর্শনী সর্মসূচি প্রণয়ন, বাস্তবায়ন, তদারকি ও ফলাফল মূল্যায়ন। ৩. দানাদার, ডাল তেল ও অর্থকরী ফসলের বীজ উৎপাদন ও বিতরণ কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন, মাঠকর্মী এবং সম্প্রসারণ কর্মকর্তাগণের প্রশিক্ষণের চাহিদা নিরূপণ, প্রশিক্ষণ কর্মসূচি প্রণয়ন বাস্তবায়ন এবং রিসোর্স পার্সন হিসেবে দায়িত্ব পালন। ৪. প্রযুক্তি বিষয়ক বইপুস্তক, বুকলেট, লিফলেট পোষ্টার লিখন ও প্রচার এবং পাশাপাশি অন্যান্য গণমাধ্যমে নিয়মিত সম্প্রচার করণ।
৫.	প্রধান বালাই ব্যবস্থাপনা বিশেষজ্ঞ	৫	১	১. রোগ ও পোকা-মাকড়মুক্ত দানাদার, ডাল তেল ও অর্থকরী ফসল উৎপাদন ও ইক্ষুজাত পণ্যের (গুড়) উন্নয়নে বিশেষজ্ঞ হিসেবে কারিগরি দায়িত্ব পালন। এ বিষয়ক সকল কাজের জন্য তিনি পরিচালক এর তত্ত্বাবধানে থাকবেন। ২. দানাদার, ডাল, তেল ও অর্থকরী ফসল উৎপাদনে প্রযুক্তি উন্নয়ন ও বর্হিবিধ থেকে রোগ ও পোকা-মাকড় দমন ও প্রতিরোধের উন্নত প্রযুক্তি, তথ্য সংগ্রহ এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাথে কারিগরি বিষয়ে যোগাযোগ স্থাপন ও মাঠ প্রদর্শনীর মাধ্যমে উপযুক্ত প্রযুক্তি সম্প্রসারণ। ৩. দানাদার, ডাল তেল ও অর্থকরী ফসল উৎপাদনে মাঠ পর্যায়ের রোগ ও পোকা-মাকড়ের প্রাদুর্ভাব, জরিপ, পূর্বাভাস ও সমস্যা নিরূপণ এবং প্রাপ্ত সমস্যা সমাধানে গবেষণা প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করা ও সমাধানসহ মাঠ পর্যায়ে বার্তা প্রেরণ এবং অন্যান্য প্রতিষ্ঠানের সাথে সমন্বয় সাধন। ৪. ইক্ষু, দানাদার, ডাল তেল ও অন্যান্য অর্থকরী ফসলের চাষ ও প্রক্রিয়াজাতকরণ সম্পর্কিত সর্বশেষ প্রযুক্তি সম্বলিত সম্প্রসারণ বার্তা প্রণয়ন এবং সম্প্রসারণ কর্মকর্তা/কর্মীদের সংশ্লিষ্ট

৩৭/১২/১৯

৩৭/১২/১৯

৩৭/১২/১৯

প্রতিস্বাক্ষর
৩৬/১২/১৯
(মোঃ সারওয়ার মুর্শেদ চৌধুরী)
উপ-সচিব
কৃষি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ক্র. নং	পদের নাম,	শ্রেণি	পদসংখ্যা	দায়িত্ব ও কর্তব্য
১	২	৩	৪	৫
				বিষয়ে প্রশিক্ষিত করার জন্য বিশেষজ্ঞ হিসেবে দায়িত্ব পালন। ৫. দানাদার, ডাল তেল ও অর্থকরী ফসল বাংলাই ব্যবস্থাপনা সম্পর্কিত দেশীয় গবেষণা প্রতিষ্ঠানে উদ্ভাবিত উন্নত প্রযুক্তি সম্প্রসারণে আঞ্চলিক/জেলা পর্যায়ে প্রধান এবং সংশ্লিষ্ট গবেষণা প্রতিষ্ঠানের সাথে সমন্বয় সাধন।
৬.	উপ-পরিচালক (মনিটরিং এন্ড কো-অর্ডিনেশন)	৫	১	১. ফসল ভিত্তিক আবাদী এলাকা, উৎপাদন ও হেক্টর প্রতি ফলনের হ্রাস/বৃদ্ধির কারণ ও সমাধানের সম্ভাব্য দিক নির্দেশনা প্রদান করা ২. ফসলগুলোর উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বার্ষিক বাস্তব ও আর্থিক কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নামূলক কর্মসূচী সরেজমিনে পর্যবেক্ষণ ৩. ফসলের উৎপাদন পরিস্থিতি, ভোগ ও চাহিদা সংক্রান্ত উপাত্ত সংগ্রহ ও উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিতকরণ
৭.	কৃষি অর্থনীতিবিদ	৬	২	১. সরকারের পঞ্চ-বার্ষিক পরিকল্পনা, কৌশলগত পরিকল্পনা ও জাতীয় কৃষি সম্প্রসারণ নীতিমালার আলোকে ফসল উৎপাদনে পরিকল্পনা প্রণয়ন। ২. ডিএই'র আওতায় পরিচালিত ফসল উৎপাদন কার্যক্রমের পরিকল্পনায় প্রবৃদ্ধি অর্জনের নিমিত্ত প্রয়োজনীয় ধারণা পত্র তৈরী করা। ৩. ডিএই'র বার্ষিক অগ্রগতি প্রতিবেদন প্রস্তুতকরণ। ৪. ডিএই'র উন্নয়ন প্রকল্পের মাসিক, ত্রৈমাসিক ও বার্ষিক অগ্রগতির প্রতিবেদন প্রস্তুতকরণ। ৫. দেশীয় ও আন্তর্জাতিক কৃষি বাজার পর্যালোচনা পূর্বক বাজার ভিত্তিক স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদী কৃষি উৎপাদন পরিকল্পনা প্রণয়ন। ৬. অনুমোদিত প্রকল্পের বেইজলাইন সার্ভে, মধ্যবর্তী মূল্যায়ন ও প্রভাব মূল্যায়ন সম্পাদন ও প্রতিবেদন প্রস্তুতকরণ, এবং প্রাপ্ত মূল্যায়ন তথ্যাদি বিশ্লেষণপূর্বক ভবিষ্যৎ পরিকল্পনা প্রণয়নে সহায়তা প্রদান। ৭. নতুন প্রকল্প গ্রহণের জন্য প্রকল্পের সম্ভাব্যতা যাচাই এবং EIA সার্টিফিকেট গ্রহণসহ অন্যান্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সহায়তা প্রদান। ৮. উর্দ্ধতন কর্তৃপক্ষের নির্দেশমত অন্যান্য কার্যক্রম সম্পাদন করা।
৮.	উৎপাদন অর্থনীতিবিদ	৬	২	১. সরকারের পঞ্চ-বার্ষিক পরিকল্পনা, কৌশলগত পরিকল্পনা ও কৃষি সম্প্রসারণ নীতিমালার আলোকে ফসল উৎপাদনে পরিকল্পনা প্রণয়ন। ২. ডিএই'র আওতায় পরিচালিত ফসল উৎপাদন কার্যক্রমের পরিকল্পনায় প্রবৃদ্ধির অর্জনে প্রয়োজনীয় ধারণা পত্র তৈরীকরণ। ৩. ডিএই'র নীতি ও কৌশলগত উদ্দেশ্যাবলীর সাথে সংগতিপূর্ণ বার্ষিক ও পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়ন। ৪. নীতি নির্ধারনী সমীক্ষা ও সাহায্য প্রস্তাবের উপর মতামত প্রদানে সহায়তা করা। ৫. ফসল উৎপাদন বিষয়ক তথ্যাদি সংগ্রহ ও প্রতিবেদন প্রণয়ন (Cost of Production)। ৬. অর্থ মন্ত্রণালয় কর্তৃক Economic Survey Report প্রণয়নে তথ্যাদি সংগ্রহ ও প্রতিবেদন প্রণয়ন। ৭. উন্নয়ন প্রকল্পের বার্ষিক (ADP/RADP) ও মধ্য মেয়াদী বাজেট প্রণয়ন। ৮. অনুমোদিত প্রকল্পের বেইজলাইন সার্ভে, মধ্যবর্তী মূল্যায়ন, ও প্রভাব মূল্যায়ন কার্য সম্পাদন ও প্রতিবেদন প্রস্তুতকরণ, এবং প্রাপ্ত মূল্যায়ন তথ্যাদি বিশ্লেষণপূর্বক ভবিষ্যৎ পরিকল্পনা প্রণয়নে সহায়তা প্রদান। ৯. নতুন প্রকল্প গ্রহণের জন্য প্রকল্পের সম্ভাব্যতা যাচাই এবং EIA সার্টিফিকেট গ্রহণসহ অন্যান্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সহায়তা প্রদান। ১০. উর্দ্ধতন কর্তৃপক্ষের চাহিদা অনুযায়ী অধিদপ্তরের সার্বিক কাজে সহায়তা করা।
৯.	সহকারী প্রধান / এসিস্ট্যান্ট চীফ	৬	৬	১. ডিএই এর বাৎসরিক এবং পঞ্চবার্ষিক কর্ম পরিকল্পনা প্রণয়নে উর্দ্ধতন কর্তৃপক্ষের নির্দেশ অনুযায়ী কাজ সম্পাদন করা ২. প্রকল্প ও কর্মসূচি প্রণয়নে উপ-প্রধান (পলিসি প্র্যানিং) কে সাহায্য করা। ৩. ডিপিপি, টিপিপি, অ্যাপ্রাইজাল, এমওইউ, লোন এগ্রিমেন্ট ইত্যাদি তৈরীতে উপ-প্রধান (পলিসি প্র্যানিং) এর নির্দেশ অনুযায়ী কাজ করা। ৪. বিভিন্ন সংস্থা থেকে প্রাপ্ত প্রকল্প এবং অন্যান্য প্রস্তাবনার উপর মতামত তৈরী এবং প্রেরণ করতে উপ-প্রধান (পলিসি প্র্যানিং) কে সাহায্য করা। ৫. বিভিন্ন সংস্থা কর্তৃক নির্ধারিত ছক অনুযায়ী মাসিক ও বার্ষিক কার্যাবলীর বিবরণী সংগ্রহ ও সংকলনে উর্দ্ধতন কর্তৃপক্ষকে সহায়তা করা। ৬. মৌসুম ভিত্তিক ফসল উৎপাদন জরিপ ইস্ট্রিমেন্ট তৈরী করা এবং প্রতিবেদন তৈরী করা। ৭. মার্চ পর্যায়ে বাস্তবায়িত প্রকল্পসমূহের ফলাফল পর্যালোচনাপূর্বক গবেষণাভিত্তিক প্রতিবেদন

১৭/১২/১৫

১৭/১২/১৫

প্রতিস্বাক্ষর

(মোঃ সারওয়ার মুর্শেদ চৌধুরী)

উপ-সচিব
কৃষি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ক্র. নং	পদের নাম,	গ্রেড	পদসংখ্যা	দায়িত্ব ও কর্তব্য
১	২	৩	৪	৫
				<p>প্রণয়ন।</p> <p>৮. মন্ত্রণালয় কর্তৃক চাহিদা অনুযায়ী প্রকল্প ও কর্মসূচির তথ্য সংগ্রহ ও প্রতিবেদন তৈরীতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে সাহায্য করা এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশ অনুযায়ী সার্বিক সহায়তা করা।</p> <p>৮. একনেকের চাহিদা মোতাবেক তথ্য সংগ্রহ ও সংকলনে উর্ধ্বতন কর্তৃপক্ষকে সহায়তা করা।</p>
১০.	মনিটরিং ও মূল্যায়ন কর্মকর্তা	৬	৬	<p>(ক) পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং এ (প্রকল্প বাস্তবায়ন ও মনিটরিং শাখা)ঃ-</p> <p>১. ডিএই'র আওতাধীন উন্নয়ন প্রকল্প ও কর্মসূচীর মাধ্যমে বাস্তবায়িত মাঠ পর্যায়ের কার্যক্রমসমূহ সরেজমিনে পরিদর্শন পূর্বক মনিটরিং করা।</p> <p>২. প্রকল্প বা কর্মসূচীর আওতায় বাস্তবায়িত কার্যক্রমসমূহ প্রকল্প ও কর্মসূচীর লক্ষ্য ও উদ্দেশ্যের সাথে সামঞ্জস্য রেখে মূল্যায়ন করা ও প্রতিবেদন তৈরী করা।</p> <p>৩. প্রকল্প বা কর্মসূচীর আওতায় বাস্তবায়িত কার্যক্রমের সফলতা ও বাধাসমূহ চিহ্নিতকরণ, প্রয়োজনীয় সুপারিশ উল্লেখপূর্বক প্রতিবেদন তৈরী ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট প্রেরণ।</p> <p>৪. প্রকল্পের চাহিদা অনুযায়ী বেজলাইন সার্ভে, মধ্য মেয়াদি মূল্যায়ন, প্রভাব মূল্যায়ন ও প্রকল্প সমাপ্ত প্রতিবেদন তৈরিতে উর্ধ্বতন কর্তৃপক্ষকে সহযোগিতা প্রদান।</p> <p>৫. উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত মন্ত্রণালয়, অধিদপ্তর বা উইংয়ের অন্যান্য কাজে সার্বিক সহযোগিতা করা।</p> <p>খ) আঞ্চলিক পর্যায়ে (অতিরিক্ত পরিচালকের কার্যালয়)ঃ</p> <p>১. অন্তর্ভুক্ত জেলা ও উপজেলার ফসল উৎপাদনের সার্বিক তথ্য উপাত্ত সংগ্রহ, বিশ্লেষণ ও প্রতিবেদন তৈরী করে ডিএই'র সদর দপ্তরে প্রেরণ করা।</p> <p>২. মৌসুম ভিত্তিক ফসল উৎপাদনে পরিকল্পনা প্রণয়নে সহায়তা করা।</p> <p>৩. চলমান প্রকল্পের কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সরেজমিনে মনিটরিং করা।</p> <p>৪. অঞ্চলের কৃষি কার্যক্রমের বার্ষিক ও বিশেষ প্রতিবেদন তৈরী করা।</p> <p>৫. সংশ্লিষ্ট মন্ত্রণালয়, ডিএই'র সদর দপ্তর ও সংশ্লিষ্ট সংস্থাসমূহের সংগে প্রয়োজনীয় যোগাযোগ রক্ষা করা।</p> <p>৬. উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত অন্যান্য কার্যক্রম সম্পাদনে সর্বাঙ্গিক সহায়তা করা।</p>
১১.	সহকারী পরিচালক (উন্নয়নে মহিলা)	৬	১	<p>১. গ্রামীণ মহিলাদের আয় বৃদ্ধিকল্পে কর্মসূচি প্রনয়ন, বাস্তবায়ন, পর্যবেক্ষণ ও দিক নির্দেশনা প্রদান।</p> <p>২. স্বল্প খরচে ও সহজ উপায়ে পুষ্টিকর খাদ্য তৈরী ও ভোগের ব্যাপারে উদ্বুদ্ধকরণ</p> <p>৩. গ্রামীণ বিত্তহীন মহিলাদের পুষ্টি রক্ষা, কর্মসংস্থান ও আয় বৃদ্ধিকরণে সার্বিক সহযোগিতা করা।</p>
১২.	হটিকালচারিষ্ট/ উদ্যান তত্ত্ববিদ (নন-ক্যাডার)	৬	২	<p>১. সময়ের চাহিদা আলোকে হটিকালচার সেন্টার সমূহে বীজ চারা/কলক ইত্যাদি উৎপাদন, বিতরণ, সম্প্রসারণ কার্যক্রম চিহ্নিতকরণ পূর্বক বাৎসরিক পরিকল্পনা প্রণয়ন করে উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট অনুমোদনের জন্য পেশ করা।</p> <p>২. হটিকালচার সেন্টার সমূহের আওতাভুক্ত জেলা ও উপজেলার সাথে সমন্বয় সাধন পূর্বক পরিকল্পনা প্রণয়ন করা।</p> <p>৩. ফল ও সবজীয় পুষ্টি মান সম্পর্কে গনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে কার্যক্রমের পরিকল্পনা করা এবং এর বহুবিধ ব্যবহার সম্পর্কে জনগনের দক্ষতা বৃদ্ধিতে ভূমিকা রাখা।</p> <p>৪. পরিবেশ সংরক্ষণে বৃক্ষের ভূমিকা এবং পুষ্টি সংক্রান্ত সচেতনতা বৃদ্ধিতে প্রয়োজনীয় প্রশিক্ষণ কার্যক্রম প্রণয়ন।</p> <p>৫. সেন্টারে বাৎসরিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন এবং বাস্তবায়নের প্রয়োজনীয় অর্থ সংগ্রহে উদ্যোগ গ্রহন।</p> <p>৬. গবেষণা প্রতিষ্ঠা ও বিশ্ববিদ্যালয় কর্তৃক সুপারিশকৃত নার্সারীতে ব্যবহার যোগ্য আধুনিক প্রযুক্তি সংগ্রহ এবং সন্ধ্যাতা যাচাই</p> <p>৭. বিভাগীয়, আন্তঃবিভাগীয় একই ধরনের প্রতিষ্ঠানের মধ্যে সহযোগিতা সমন্বয়ের মাধ্যমে প্রযুক্তি সম্প্রসারণে উদ্যোগ গ্রহন।</p> <p>৮. উর্ধ্বতন কর্তৃপক্ষ নির্দেশিত অন্যান্য কার্যক্রম বাস্তবায়ন।</p>
১৩.	উদ্যান উন্নয়ন কর্মকর্তা	৬	৪	<p>১. উদ্যান ফসলের আধুনিক প্রযুক্তি কৃষকদের মাঝে সম্প্রসারণে সহায়তা করা।</p> <p>২. ডিএই'র আওতাধীন হটিকালচার সেন্টারে রোগ ও পোকামাকড় মুক্ত সুস্থ সবল চারা/কলম তৈরীতে সহায়তা করা।</p> <p>৩. অপ্রচলিত ফল চাষে কৃষকদের উদ্বুদ্ধ করা এবং পুষ্টি বিষয়ে কৃষক-কৃষানীদের সচেতন করা।</p>

২৭/১২/১৩

২৭/১২/১৩

২৭/১২/১৩

প্রতিস্বাক্ষর
 (মোঃ সারিওয়ার মুর্শেদ চৌধুরী)
 উপ-সচিব
 কৃষি মন্ত্রণালয়
 গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ক্র. নং	পদের নাম,	শ্রেণি	পদসংখ্যা	দায়িত্ব ও কর্তব্য
১	২	৩	৪	৫
				<p>৪. সবজি, ফল, মসলা ও ফুল চাষে উন্নত কলাকৌশল গ্রহণে কৃষকদের উদ্বুদ্ধ করা এবং প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান।</p> <p>৫. ফসল সংগ্রহ, সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণে কৃষকদের সচেতন করার মাধ্যমে পোষ্ট হারভেস্ট লস কমাতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা।</p> <p>৬. গবেষণা প্রতিষ্ঠান হতে প্রাপ্ত প্রযুক্তি কৃষক পর্যায়ে সম্প্রসারণের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা।</p> <p>৭. খাদ্য প্রক্রিয়াজাতকরণ শিল্প স্থাপনে কৃষক/কৃষানীদের উদ্বুদ্ধ করা ও প্রয়োজনীয় কারিগরি সহায়তা প্রদানের মাধ্যমে ব্যাপক কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করার কাজে সহায়তা প্রদান।</p> <p>৮. উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত অন্যান্য কার্যক্রম সম্পাদনে সর্বাঙ্গিক সহায়তা করা।</p>
১৪.	উদ্যান বিশেষজ্ঞ	৬	৪	<p>১. অতিরিক্ত পরিচালকের কার্যালয়ের উন্নয়ন কাজের জন্য মাঠ পর্যায় থেকে তথ্য সংগ্রহ ও প্রতিবেদন তৈরিতে সহায়তা প্রদান করা।</p> <p>২. অঞ্চল পর্যায়ে বিভিন্ন উদ্যান ফসল (শাক-সবজি-মসলা, ফুল ও ফল) সংক্রান্ত তথ্য সংগ্রহ ও প্রতিবেদন তৈরিতে সহায়তা প্রদান করা।</p> <p>৩. অঞ্চলের জেলা, উপজেলা ও হটিকালচার সেন্টার সমূহের সাথে সমন্বয় সাধন পূর্বক পরিকল্পনা প্রণয়ন, কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়নে সহায়তা করা।</p> <p>৪. পরিবেশ সংরক্ষণে বৃক্ষের ভূমিকা এবং পুষ্টি সংক্রান্ত সচেতনতা বৃদ্ধিতে প্রয়োজনীয় পরিকল্পনা প্রণয়ন, কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়নে সহায়তা করা।</p> <p>৫. অঞ্চল কার্যালয়ের বিভিন্ন কর্মশালা, সেমিনার ও প্রশিক্ষণ কর্মসূচী বাস্তবায়নে সহায়তা প্রদান।</p> <p>৬. উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত অন্যান্য কার্যক্রম সম্পাদনে সর্বাঙ্গিক সহায়তা করা।</p>
১৫.	নির্বাহী প্রকৌশলী	৬	১	<p>১. পূর্তকাজসহ অন্যান্য কাজে অতিরিক্ত পরিচালক (ভৌত অবকাঠামো উন্নয়ন ও আইসিটি ব্যবস্থাপনা) এর সাথে পরামর্শ ও সার্বিক সমন্বয় করা।</p> <p>২. পূর্ত কাজের তদারকী ও বাস্তবায়ন করা।</p> <p>৩. বৈদ্যুতিক, যান্ত্রিক ও প্রয়োজনীয় ক্ষেত্রে পূর্ত কাজের পরিকল্পনা প্রণয়ন, তদারকী এবং বাস্তবায়নে পরিকল্পনা প্রণয়ন করা।</p> <p>৪. অধিদপ্তরের নিজস্ব এবং বিভিন্ন প্রকল্পের নির্মাণ কাজের বৈদ্যুতিক, যান্ত্রিক ও পূর্ত কাজ ত্বরান্বিত করা।</p> <p>৫. অধিদপ্তরের যানবাহনের তথ্য সংরক্ষণসহ যানবাহন সংগ্রহ রক্ষণাবেক্ষণ করা।</p>
১৬.	সিনিয়র কৃষি প্রকৌশলী	৬	১৪	<p>১. অধিদপ্তরের যান্ত্রিকীকরণ এবং সেচ ও নিষ্কাশন অনুশাখা থেকে প্রাপ্ত মাঠ কর্মসূচি আঞ্চলিক কর্মকর্তা হিসাবে মাঠ পর্যায়ে বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ। এ কাজে জেলার কৃষি প্রকৌশলীকে নির্দেশনা প্রদান কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের জেলা পর্যায়ে ভূ-গর্ভস্থ পানি, ভূ-উপরিস্থ পানির সংরক্ষণ ও পরিমানমত সেচ কাজে ব্যবহার, সেচ কাজে ব্যবহৃত সেচ যন্ত্রের ব্যবহার দক্ষতা বৃদ্ধি, খামার যন্ত্রপাতির রক্ষণাবেক্ষণ ও ব্যবহার দক্ষতা সম্বন্ধে সঠিক কার্যকরী তথ্য এবং বিভিন্ন গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক উদ্ভাবিত কৃষি প্রকৌশলগত আধুনিক প্রযুক্তি সম্প্রসারণে পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করা।</p> <p>২. আঞ্চলিক পরিচালকের নিয়ন্ত্রণে থেকে জেলাস্থ কৃষি প্রকৌশলীর কাজের তদারকীকরণ।</p> <p>৩. মাঠ পর্যায়ের কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি ও সমস্যা প্রসঙ্গে যান্ত্রিকীকরণ এবং সেচ ও নিষ্কাশন অনুশাখার সদর দপ্তরে অবহিতকরণ ও তথ্য প্রেরণ ব্যবস্থা গ্রহণ।</p>
১৭	পেছামার	৬	১	<p>১. ডিএইচ কার্যক্রম পরিচালনার জন্য প্রয়োজনীয় চাহিদা মোতাবেক প্রয়োজনীয় সফটওয়্যারের কারিগরী পরিকল্পনা প্রণয়ন।</p> <p>২. ডেভর কর্তৃক সরবরাহকৃত সফটওয়্যার সমূহ ইনস্টল করা, আপলোড করা এবং সকল সফটওয়্যার সমূহের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ।</p> <p>৩. সফটওয়্যার বিষয়ক সকল কারিগরী সমস্যার সমাধান করা এবং ভবিষ্যতে ব্যবহারের জন্য প্রয়োজনীয় ডকুমেন্ট প্রণয়ন করা।</p> <p>৪. কম্পিউটার সিস্টেম ও ডেভর কর্তৃক সরবরাহকৃত সফটওয়্যারের সমন্বয় সাধন করে সর্বোচ্চ সেবা প্রাপ্তি নিশ্চিত করা।</p> <p>৫. কম্পিউটারে সংরক্ষিত সকল তথ্যের ব্যাকআপ রাখা এবং ক্ষতিগ্রস্ত সিস্টেম হতে হারানো/ক্ষতিগ্রস্ত তথ্য উদ্ধার করা।</p> <p>৬. নতুন সিস্টেম সফটওয়্যার এবং এপ্লিকেশন সফটওয়্যার পরীক্ষা-নিরীক্ষার পর মূল্যায়ন পূর্বক প্রয়োজনীয় মতামত প্রদান করা।</p> <p>৭. আইসিটি সিস্টেমের সকল ইকুইপমেন্ট ও পেরিফেরাল ডিভাইস সমূহের মধ্যে কার্যকরী সম্পর্ক এবং সমন্বয় সাধন করা।</p>

১৭/১১/১৭

১৭/১১/১৭

১৭/১১/১৭

ক্র. নং	পদের নাম,	শ্রেণি	পদসংখ্যা	দায়িত্ব ও কর্তব্য
১	২	৩	৪	৫
				৮. এপি-কেশন সফটওয়্যার তৈরীর কাজ পরিচালনা ও পর্যবেক্ষণ করা। ৯. ডাটা সংরক্ষণে কৌশলগত নিরাপত্তা নিশ্চিত করা। ১০. আইসিটি সিস্টেমের জন্য প্রয়োজনীয় নীতি নির্ধারণী কাজে সহায়তা প্রদান করা। ১১. উর্দ্ধতন কর্তৃপক্ষের সকল নির্দেশ ও কর্মসূচি বাস্তবায়ন করা।
১৮.	সহকারী পরিচালক (অর্থ)	৬	১	১. মাঠ পর্যায়ের সকল অফিসসহ অত্র অধিদপ্তরের সকল প্রকার রাজস্বের হিসাব ও তার প্রতিবেদন প্রনয়ণ করা। ২. বার্ষিক উন্নয়ন বাজেটের পরিমাণ প্রকল্প ছকে গ্রহণ করা এবং বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে সেগুলো পুনর্বিন্যাসে অতিরিক্ত পরিচালক (প্রশাসন, অর্থ ও সাপোর্ট সার্ভিসেস) কে সহায়তা করা। ৩. মাঠ পর্যায়ের সকল অফিসসহ অত্র অধিদপ্তরের সকল প্রকার রাজস্ব বরাদ্দ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের জন্য অতিরিক্ত পরিচালক (প্রশাসন, অর্থ ও সাপোর্ট সার্ভিসেস) এর নিকট উপস্থাপন করা। ৪. মাঠ পর্যায়ের সকল অফিসসহ অত্র অধিদপ্তরের সকল প্রকার অনুমোদিত রাজস্ব বাজেট বরাদ্দের আদেশ জারি করা। ৫. বিভিন্ন উইং এর পরিচালকসহ মাঠ পর্যায়ের চাহিদা অনুযায়ী কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে অর্থ বরাদ্দ প্রদান করা। ৬. প্রচলিত সরকারী নিয়ম ও বিধি অনুযায়ী বিভাগীয় সকল প্রকার রাজস্ব, প্রকল্প ও কর্মসূচীর হিসেবের নিরীক্ষণ ও অডিট আপত্তি নিষ্পত্তির ব্যবস্থা করা। ৭. প্রচলিত সরকারী নিয়ম ও বিধি অনুযায়ী বিভাগীয় সকল প্রকার মঞ্জুরী আদেশ জারি করা। ৮. অধিদপ্তরের সকল প্রকার বিল ভাউচার ও আর্থিক রেকর্ড সংরক্ষণ করা। ৯. কর্তৃপক্ষের আরোপিত সকল দায়িত্ব পালন করা।
১৯.	সহকারী পরিচালক (প্রশাসন/পার্সোনেল)	৬	২	প্রশাসনঃ ১. ডিএইচ'র কর্মকর্তা কর্মচারীদের বদলী, পদোন্নতি, পেনশন সম্পর্কিত কাজে অতিরিক্ত উপপরিচালক (প্রশাসন-১, ২, লিগ্যাল এন্ড সাপোর্ট সার্ভিসেস ও পার্সোনেল) কে সহায়তা করা। ২. আইন অধিশাখার যাবতীয় নথি যাচাই-বাছাই পূর্বক অগ্রায়ন করা। ৩. ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীদের দৈনন্দিন হাজিরা নিশ্চিত করা। ৪. উর্দ্ধতন কর্তৃপক্ষের আরোপিত সকল দায়িত্ব পালন করা। পার্সোনেলঃ ১. ১ম ও ২য় শ্রেণির নন-ক্যাডার কর্মকর্তা এবং ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীদের চাকুরী সংক্রান্ত রেকর্ড সংরক্ষণে অতিরিক্ত উপপরিচালক (প্রশাসন-১, ২, লিগ্যাল এন্ড সাপোর্ট সার্ভিসেস ও পার্সোনেল) কে সহায়তা করা। ২. কর্তৃপক্ষের আরোপিত সকল দায়িত্ব পালন করা।
২০.	গবেষণা কর্মকর্তা	৯	৫	১. ডিএইচ'র সব উইং থেকে তথ্য সংগ্রহের মাধ্যমে স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদী পরিকল্পনা প্রণয়নে সহায়তা করা। ২. বৈদেশিক সাহায্য ও সহায়তার ব্যাপারে প্রস্তাবনা তৈরী এবং অন্যান্য সংস্থার সংশ্লিষ্ট যোগাযোগ রক্ষা করা। ৩. বিভিন্ন সংস্থা থেকে প্রাপ্ত প্রকল্প এবং অন্যান্য উন্নয়নমূলক কার্যক্রমের উপর মতামত প্রদান করা। ৪. মন্ত্রণালয়ের চাহিদা অনুযায়ী প্রতিবেদন প্রেরণ করা। ৫. উর্দ্ধতন কর্তৃপক্ষের চাহিদা অনুযায়ী অধিদপ্তরের সার্বিক কাজে সহায়তা করা।
২১.	পরিসংখ্যান কর্মকর্তা	৯	৫	১. প্রকল্প ও কর্মসূচি সমূহের হ্রক তৈরিতে উর্দ্ধতন কর্তৃপক্ষকে সাহায্য করা। ২. আইএমইডি প্রতিবেদন তৈরী ও প্রেরণে উর্দ্ধতন কর্তৃপক্ষকে সাহায্য করা। ৩. কৃষি সম্প্রসারণ সম্পর্কিত গবেষনামূলক ডাটা সংগ্রহ ও এন্ট্রি করা এবং ডাটা প্রসেসে উর্দ্ধতন কর্তৃপক্ষকে সাহায্য করা। ৪. বিভিন্ন প্রকল্প পরিচালক ও কর্মসূচি পরিচালকের নিকট হতে প্রকল্প ও কর্মসূচি সম্পর্কিত তথ্য সংগ্রহ ও প্রতিবেদন তৈরি। ৫. ডিএই এর বার্ষিক, মধ্য মেয়াদী ও দীর্ঘ মেয়াদী বাজেট তৈরীর সাহায্য করা। ৬. ডাটাবেজে সংরক্ষণের নিমিত্তে পরিচ্ছন্ন ডাটা প্রস্তুত করা ও প্রতিবেদন প্রণয়নে সহায়তা করা। ৭. উর্দ্ধতন কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত কর্ম সম্পাদন করা।
২২.	বৈজ্ঞানিক কর্মকর্তা	৯	২	প্রকল্প বাস্তবায়ন ও মনিটরিং শাখায়ঃ- ১. ডিএই'র বিভিন্ন উন্নয়ন প্রকল্প ও কর্মসূচীর মাঠ পর্যায়ের কার্যক্রমসমূহ যথাযথ মনিটরিংও

১৯/১২/১৫

১৯/১২/১৫

প্রতিস্বাক্ষর
Page 5 of 18
(মোঃ সারওয়ার মুর্শেদ চৌধুরী)
উপ-সচিব
কৃষি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ক্র. নং	পদের নাম,	শ্রেণি	পদসংখ্যা	দায়িত্ব ও কর্তব্য
১	২	৩	৪	৫
				<p>প্রতিবেদন তৈরিতে সহায়তা করা।</p> <p>২. কৃষি সম্প্রসারণ সম্পর্কিত গবেষণামূলক (এডাপটিভ, একশন ও সোসাল গবেষণা) ডাটা সংগ্রহ, এন্ট্রি এবং ডাটা প্রসেসে উর্দ্ধতন কর্তৃপক্ষকে সহায়তা করা।</p> <p>৩. প্রকল্পের চাহিদা অনুযায়ী বেজলাইন সার্ভে, মধ্য মেয়াদি মূল্যায়ন, প্রভাব মূল্যায়ন ও রিপোর্ট প্রণয়নে সহায়তা করা।</p> <p>৪. প্রকল্প সম্পর্কিত তথ্য সংগ্রহ, সংরক্ষণ ও উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত করা।</p> <p>৫. প্রকল্প/ কর্মসূচীর আওতায় বাস্তবায়ন কার্যক্রমসমূহের লক্ষ্য ও উদ্দেশ্যের সাথে সামঞ্জস্য রেখে মনিটরিং ও মূল্যায়ন করা এবং প্রতিবেদন তৈরি করা।</p> <p>৬. বাস্তবায়িত কার্যক্রমের সফলতা ও বাধাসূহ চিহ্নিতকরণ, প্রয়োজনীয় সুপারিশ উল্লেখপূর্বক প্রতিবেদন তৈরি ও কর্তৃপক্ষের নিকট প্রেরণ।</p> <p>৭. উর্দ্ধতন কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত কর্ম সম্পাদন করা।</p>
২৩.	উদ্ভিদ রোগতত্ত্ববিদ	৯	১	<p>১. বলাই নমুনা সংগ্রহ, সনাক্তকরণ ও সংরক্ষণ।</p> <p>২. গণমাধ্যমের জন্য আগাম সতর্কীকরণ প্রতিবেদন তৈরী, প্রয়োজনীয় প্রশিক্ষণ সামগ্রীর উন্নয়ন</p> <p>৩. কর্মসূচী তৈরী ও পরিকল্পনা করা।</p> <p>৪. উর্দ্ধতন কর্মকর্তাকে সহায়তা করা।</p>
২৪.	সংগনিরোধ কীটতত্ত্ববিদ	৯	৮	<p>১. প্রচলিত সংগনিরোধ আইন অনুসারে উদ্ভিদ সংগনিরোধ কর্মকর্তা হিসাবে দায়িত্ব ও কর্তব্য পালন করা।</p> <p>২. আয়ন ও ব্যয়ন কর্মকর্তা হিসাবে কেন্দ্রের দায়িত্ব পালন করা।</p> <p>৩. আমদানীকৃত উদ্ভিদজাত দ্রব্যাদির নমুনা পরীক্ষা ও বিষবাস্তবায়ন কার্য পরিদর্শন করা।</p> <p>৪. আমদানীকৃত পণ্যের বিপরীতে পরীক্ষান্তে ছাড়পত্র প্রদান।</p> <p>৫. রপ্তানীযোগ্য উদ্ভিদজাত পণ্যের রোগ, পোকা পরীক্ষা, পরিদর্শন এবং উদ্ভিদ স্বাস্থ্য প্রমানপত্র প্রদান করা।</p>
২৫.	সংগনিরোধ রোগ তত্ত্ববিদ	৯	৪	<p>১. উদ্ভিদ ও উদ্ভিদজাত দ্রব্যের আগমোনোত্তর সকল কার্যক্রম ল্যাবরেটরী পরীক্ষার মাধ্যমে সম্পাদন করা।</p> <p>২. উর্দ্ধতন কর্মকর্তাকে কাজে সহায়তা করা।</p> <p>৩. আমদানীকৃত ও রপ্তানীকৃত উদ্ভিদজাত দ্রব্যাদির রোগ বলাই সনাক্তকরণ</p> <p>৪. পৃথকীকরণ, গবেষণাগারে রোগ বলাই পরীক্ষাকরণ ও মাটি, কম্পোস্ট/কাঠের গুড়া পরীক্ষাকরণ।</p> <p>৫. রোগ ও পোকা সনাক্তকরণের জন্য মাঠ, বন ও রাবার বাগান পরিদর্শন।</p>
২৬.	কৃষি সম্প্রসারণ কর্মকর্তা	৯	১	<p>১. মাঠ জরিপ, তথ্য সংগ্রহ, প্রশিক্ষণ উপকরণ উন্নয়ন কাজে সহায়তা করা।</p> <p>২. মাঠ পর্যায়ে প্রদর্শনী বাস্তবায়নে কৃষি কর্মকর্তাকে সহায়তা করা।</p> <p>৩. উর্দ্ধতন কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত কর্ম সম্পাদন করা।</p>
২৭.	এসিস্ট্যান্ট হার্টিকালচারিস্ট/ সহকারী উদ্যান তত্ত্ববিদ (নন-ক্যাডার)	৯	২	<p>১. দেশি/বিদেশী উন্নত জাতের জার্মপ্রাজম সংগ্রহ, সংরক্ষণ, মাতৃবাগান স্থাপন ও সম্প্রসারণের ব্যবস্থা নেয়া।</p> <p>২. সদর দপ্তর প্রদত্ত কর্মসূচী অনুযায়ী মাতৃবাগানের চারা/কলম সরবরাহ করা।</p> <p>৩. নতুন বাগানের উন্নয়ন, সেবা এলাকা জরিপ করে উদ্যান ফসল উন্নয়নে প্রযুক্তি হস্তান্তরের লক্ষ্যে মান উন্নয়নের কাজ করা।</p> <p>৪. প্রশিক্ষণ ও প্রদর্শনীর রেকর্ড সংরক্ষণ এবং কর্মসূচি প্রণয়নে সহায়তা করা।</p> <p>৫. সদর দপ্তর ও উদ্যান কেন্দ্রগুলোর সাথে যোগাযোগ রক্ষা করা।</p> <p>৬. সকল উদ্যান কেন্দ্র ও গবেষণা প্রতিষ্ঠানে ভ্রমণ করে উদ্ভাবিত নতুন নতুন জাতের জার্মপ্রাজম সংগ্রহ ও সম্প্রসারণের ব্যবস্থা নেয়া।</p> <p>৭. বার্ষিক ফল ও ফলজ বৃক্ষ মেলায় আয়োজনে প্রয়োজনে সহযোগিতা করা সহ বিভাগীয় প্রয়োজনে অন্যান্য কাজ করা।</p>
২৮.	সহকারী উদ্যান উন্নয়ন কর্মকর্তা	৯	১০	<p>ক) সরেজমিন উইং :</p> <p>১. মাঠ পর্যায়ে উদ্যান ফসলের উৎপাদন কর্মসূচী প্রণয়ন ও বাস্তবায়ন কৌশল সম্প্রসারণে সহায়তাকরণ।</p> <p>২. মাঠ পর্যায়ে উদ্যান সংশ্লিষ্ট ফসলের প্রদর্শনী, মেলা, শিক্ষামূলক ভ্রমণ, ফল মেলার কর্মসূচী প্রস্তুতকরণ।</p> <p>৩. দেশব্যাপী উদ্যান ফসলের উন্নত প্রযুক্তি সম্প্রসারণ কর্মসূচী প্রণয়নে উর্দ্ধতন কর্তৃপক্ষকে সহযোগিতা প্রদান।</p> <p>৪. উর্দ্ধতন কর্তৃপক্ষকে দেশব্যাপী উদ্যান ফসল উৎপাদন কার্যক্রম গ্রহণে প্রয়োজনীয় সহযোগিতা</p>

স্বাক্ষর
স্বাক্ষর


স্বাক্ষর

প্রতিস্বাক্ষর
স্বাক্ষর
(মোঃ সারওয়ার মুর্শেদ চৌধুরী)
উপ-সচিব
কৃষি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ক্র. নং	পদের নাম,	হেড	পদসংখ্যা	দায়িত্ব ও কর্তব্য
১	২	৩	৪	৫
				<p>প্রদান।</p> <p>খ) মাঠ পর্যায়ে :</p> <ol style="list-style-type: none"> উদ্যান তাত্ত্বিক ফসলের আধুনিক প্রযুক্তি কৃষকদের মাঝে নিরবিচ্ছিন্নভাবে সম্প্রসারণে সহায়তা করা। রোগ ও পোকামাকড় মুক্ত সুস্থ্য সবল চারা/কলম তৈরীতে তদারকি ও সহায়তা করা। অপ্রচলিত ফল চাষে কৃষকদের উদ্বুদ্ধ করা। সবজি, ফল, মসলা ও ফুল চাষে উন্নত কলাকৌশল গ্রহণে কৃষকদের উদ্বুদ্ধ করা এবং প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান। ফসল সংগ্রহ, সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ বিষয়ে কৃষকদের সচেতন করার মাধ্যমে পোষ্ট হারভেস্ট লস কমানো এবং গবেষণা প্রতিষ্ঠান হতে প্রাপ্ত প্রযুক্তি কৃষক পর্যায়ে সম্প্রসারণের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা। পুষ্টি বিষয়ে কৃষক/কৃষাণীদের সচেতন করা। খাদ্য প্রক্রিয়াজাতকরণ শিল্প স্থাপনে কৃষকদের উদ্বুদ্ধ করা ও কারিগরি সহায়তা প্রদানের মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করার কাজে সহায়তা প্রদান।
২৯.	কৃষি প্রকৌশলী	৯	৬৪	<ol style="list-style-type: none"> জেলা পর্যায়ে উপ-পরিচালক এর নিয়ন্ত্রণে থেকে উপজেলা সমূহের কৃষকদের মাঝে আধুনিক ও লাগসই কৃষি যন্ত্রপাতির প্রদর্শন, মাঠ পর্যায়ে দক্ষ চালক ও মেকানিক প্রশিক্ষণ প্রদান, সেচ যন্ত্রেও ব্যবহার ও রক্ষণাবেক্ষণ সম্পর্কে মাঠ পর্যায়ে সম্প্রসারণ সেবা প্রদান করা। কৃষকদের সেচের পানি পরিবহন ও খামার পর্যায়ে সেচ পানির বিতরণ পদ্ধতির কাঠামো উন্নয়নের সহায়তা প্রদান ও ব্যবহার সম্পর্কিত প্রযুক্তি সম্পর্কে উপজেলায় প্রশিক্ষণ ও প্রদর্শনী বাস্তবায়নের ব্যবস্থা করা। জাতীয় ক্ষুদ্র সেচ ও কৃষি যন্ত্রপাতি জরিপ, ভূ-গর্ভস্থ পানি ও বৃষ্টিপাতের তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ এবং ভূ-পরিষ্ পানি সংরক্ষণ কার্যক্রম বাস্তবায়ন করা। অধীনস্থ উপজেলার কার্যক্রম তদারকী করা।
৩০.	যান্ত্রিক প্রকৌশলী	৯	১	<ol style="list-style-type: none"> অধিদপ্তরের বিভিন্ন প্রকল্পের পূর্ত কাজ সম্পাদনে নকশা প্রণয়ন, বাস্তবায়ন ও তদারকী করা। অবকাঠামো নির্মাণে কারিগরী কাজে সহায়তা করা। উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশ মোতাবেক সংশ্লিষ্ট ক্ষেত্রে সকল দায়িত্ব পালন করা। যানবাহন ও অন্যান্য মেরামত কাজে ডিএই'র সদর দপ্তরসহ মাঠ পর্যায়ের সকল যন্ত্রপাতির যথাযথ ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে পরিকল্পনা প্রণয়ন করা। অধিদপ্তরের সকল অফিসের যন্ত্রপাতি সমূহ নিয়মিত পর্যবেক্ষণ ও মেরামত কাজে সহায়তা প্রদান। উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশ মোতাবেক সংশ্লিষ্ট ক্ষেত্রে সকল দায়িত্ব পালন করা।
৩১.	সহকারী প্রকৌশলী	৯	২	<ol style="list-style-type: none"> অধিদপ্তরের বিভিন্ন প্রকল্পের যাবতীয় স্থাপনা তৈরী, মেরামত, সংগ্রহ ইত্যাদি কাজে নির্বাহী প্রকৌশলীকে সহযোগিতা প্রদান করা। মাঠ পর্যায়ে বাস্তবায়নাবধীন কাজের তদারকী করা। উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশ মোতাবেক সংশ্লিষ্ট কাজে সার্বিক সহযোগিতা করা।
৩২	সহকারী প্রোগ্রামার	৯	১	<ol style="list-style-type: none"> ডিএই'র আইসিটি ভিত্তিক কার্যক্রম পরিচালনার নিমিত্তে প্রয়োজনীয় এপ্লিকেশন তৈরীর প্রাথমিক পরিকল্পনা প্রণয়ন। ডিএই'র সার্ভার ভিত্তিক, অনলাইন এবং অফলাইন ই-সেবা পরিচালনা করা। ডাটাবেইজ সমূহের এ্যাডমিন হিসাবে দায়িত্ব পালন করা। প্রোগ্রামারকে কাজে সার্বিক সহযোগিতা প্রদান করা। উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশে আইসিটি বিষয়ক দায়িত্ব পালন করা।
৩৩.	হিসাবরক্ষণ কর্মকর্তা	৯	১	<ol style="list-style-type: none"> বার্ষিক উন্নয়ন বাজেটের পরিমাণ প্রকল্প ছকে গ্রহণ করা এবং বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে সেগুলো পূর্ণবিন্যাসে সহকারী পরিচালক (অর্থ) কে সহায়তা করা। বাজেট প্রণয়ন এবং বরাদ্দ প্রস্তাব তৈরীতে সহকারী পরিচালক (অর্থ) কে সহায়তা করা। সকল প্রকার নিরীক্ষণে সহকারী পরিচালক (অর্থ) কে সহায়তা করা। কর্তৃপক্ষের আরোপিত সকল দায়িত্ব পালন করা।
৩৪.	অর্টিষ্ট	৯	১	<ol style="list-style-type: none"> ডিএই কতক প্রকাশিত বিভিন্ন ধরনের ফোল্ডার, লিফলেট, ফিলিপ-চাট, ক্যালেন্ডার, বুকলেট, ডায়েরী, ডিসপ্লে-বোর্ড, বুক কভার (প্রচ্ছদ) এর ডিজাইন করা। প্রযুক্তি হস্তান্তরে প্রয়োজনীয় চিত্রাংকনের মাধ্যমে কৃষি কার্যক্রমকে কৃষকের কাছে সহজবোধ্য করা। বিভিন্ন উন্নয়ন প্রকল্পের মনোহারা তৈরি করা ও কৃষি বিষয়ক তথ্যকে ভ্যান ডায়গ্রামে প্রকাশ করা।
২য় শ্রেণির কর্মকর্তা				
৩৫.	নার্সারী তত্ত্বাবধায়ক/সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তা উদ্ভিদ সংগনিরোধ পরিদর্শক	১০	৫২৮	<ol style="list-style-type: none"> অপেক্ষাকৃত ছোট আকৃতির সেন্টার সমূহের দায়িত্বে থাকবেন। সময়ের চাহিদার আলোকে হর্টিকালচার সেন্টার সমূহতে বীজ চারা/ কলম ইত্যাদি উৎপাদন, বিতরণ, সম্প্রসারণ কার্যক্রম চিহ্নিতকরণ পূর্বক বাৎসরিক পরিকল্পনা

৩৭/১২/১৫

৩৭/১২/১৫

প্রতিস্বাক্ষর

 (মোঃ সাইফুর রহমান, মুর্শেদ চৌধুরী)
 উপ-সচিব
 কৃষি মন্ত্রণালয়
 গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ক্র. নং	পদের নাম,	হেড	পদসংখ্যা	দায়িত্ব ও কর্তব্য
১	২	৩	৪	৫
				<p>প্রণয়ন পূর্বক উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট অনুমোদনের জন্য পেশ করা।</p> <p>৩. হাটিকালচার সেন্টার সমূহের আওতাভুক্ত জেলা ও উপজেলার সাথে সমন্বয় সাধন পূর্বক পরিকল্পনা প্রণয়ন করা।</p> <p>৪. ফল-সবজীর পুষ্টি মান সম্পর্কে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে পরিকল্পনা করা এবং এর বহুবিধ ব্যবহার সম্পর্কে জনগণের দক্ষতা বৃদ্ধিতে ভূমিকা রাখা।</p> <p>৫. সেন্টারে বাৎসরিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন এবং বাস্তবায়নে প্রয়োজনীয় অর্থ সংগ্রহে উদ্যোগ গ্রহণ।</p> <p>৬. হাটিকালচার সেন্টার সমূহে কর্মরত গার্ডেনার, মালি, উপ-সহকারী হাটিকালচার অফিসার এর দক্ষতা উন্নয়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা।</p> <p>৭. উর্দ্ধতন কর্তৃপক্ষ নির্দেশিত অন্যান্য কার্যক্রম বাস্তবায়ন।</p>
৩৬.	উপ-সহকারী প্রকৌশলী/মেকানিক কাজ ওয়ার্কসপ অফিসার	১০	৬	<p>১. ডিএই'র আওতাভুক্ত পূর্তকাজের পরিকল্পনা, প্রাক্কলন ও ডিজাইন তৈরিতে উর্দ্ধতন কর্তৃপক্ষকে সহায়তা করা।</p> <p>২. নির্বাহী প্রকৌশলী/সহকারী প্রকৌশলীকে সার্বিক সহায়তা প্রদান করা।</p> <p>৩. উর্দ্ধতন কর্তৃপক্ষের নির্দেশ মোতাবেক সংশ্লিষ্ট কাজে সার্বিক সহযোগিতা করা।</p>
৩৭.	জুনিয়র গবেষণা কর্মকর্তা	১০	৬	<p>১. প্রকল্প ভিত্তিক গবেষণামূলক প্রতিবেদন প্রণয়নের ধারণাপত্র তৈরী করা।</p> <p>২. প্রকল্প সমূহের ফলাফলের ভিত্তিতে নিয়মিত গবেষণা কার্যক্রম পরিচালনা করা।</p> <p>৩. প্রাপ্ত গবেষণার ভিত্তিতে পরবর্তী প্রকল্প প্রণয়নের ক্ষেত্রে বিবেচনার জন্য সুপারিশ প্রণয়ন করা।</p> <p>৪. উর্দ্ধতন কর্তৃপক্ষের অধীনে ওনির্দেশ অনুযায়ী সার্বিক সহায়তা করা।</p>
